# 2023

Exam বাংলা™

# ফেব্রুয়ারি মাসের কারেন্ট অ্যাফেয়ার্স





G20 भारत 2023 INDIA

Exam Bangla Publication

1. **সম্প্রতি অন্ধ্রপ্রদেশ সরকার "তিন রাজধানী পরিকল্পনা" ঘোষণা করেছে, সেই অনুযায়ী তিনটি রাজধানী কি কি?** উঃ অমরাবতীতে একটি আইনসভা রাজধানী, বিশাখাপত্তনমে একটি কার্যনির্বাহী রাজধানী এবং কুর্নুলে একটি বিচার বিভাগীয় রাজধানী।
2. **ভারতীয় কেন্দ্রীয় বাজেট 2023-24 কবে প্রকাশিত হলো?** উঃ 1 ফেব্রুয়ারি, 2023। সংসদে 2023-24 অর্থবর্ষের জন্য কেন্দ্রীয় বাজেট পেশ করেছেন অর্থমন্ত্রী নির্মলা সীতারামন।
3. **কেন্দ্রীয় বাজেট 2023-24 -এর সাতটি অগ্রাধিকার বা 'সপ্তর্ষি' কি কি?** উঃ কেন্দ্রীয় বাজেটে মোট সাতটি বিষয়ে অগ্রাধিকার দেওয়া হয়েছে, যাকে অর্থমন্ত্রী 'সপ্তর্ষি' বলে উল্লেখ করেছেন। এই সাতটি বিষয় হল – অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন, কৃষিক্ষেত্রে ডিজিটাল পরিকাঠামো, পরিকাঠামো ও বিনিয়োগ, সম্ভাবনার উন্মোচন, গ্রিন গ্রোথ বা স্থিতিশীল বৃদ্ধি, যুবশক্তি এবং আর্থিক ক্ষেত্র।
4. **কেন্দ্রীয় বাজেট অনুযায়ী বার্ষিক কত টাকা পর্যন্ত আয় করলে কোনরকম ট্যাক্স দিতে হবে না?** উঃ 7 লক্ষ টাকা। এর আগে এই সীমা ছিল বছরে 5 লক্ষ টাকা।
5. **ভারতীয় উপকূল রক্ষী দিবস কবে পালিত হয়?** উঃ 1 ফেব্রুয়ারি।
6. **G20 -এর প্রথম স্থায়ী আর্থিক কার্যনির্বাহী গ্রুপের মিটিং কোথায় অনুষ্ঠিত হয়েছে?** উঃ 2 ফেব্রুয়ারি 2023, আসামের গুয়াহাটি তে। এই বছরের থিম ছিল-"One Earth, One Family, One Future". এবং নীতিবাক্য (motto) ছিল –"Vasudhaiva kutumbakam".
7. **ভারতের প্রথম হাইড্রোজেন ট্রেন কোন রুটগুলিতে চালু হবে?** উঃ ডিসেম্বর 2023 নাগাদ ভারতের 8 টি ঐতিহ্যপূর্ণ রুটে।
8. **"মাদ্রিদ আন্তর্জাতিক বইমেলা 2025" এর থিম হলো কোন দেশ?** উঃ ভারত।
9. **মহারাষ্ট্র সরকার কোন গানটিকে রাজ্য সংগীত হিসেবে ঘোষণা করল?** উঃ "জয় জয় মহারাষ্ট্র মাজহা"। এই গানটি রাজা বাধের লেখা। রাজ্যের বিভিন্ন সরকারি অনুষ্ঠানে এই গানটি ব্যবহৃত হবে।
10. **মধ্যপ্রদেশের ভোপাল -এর কাছে অবস্থিত ইসলামনগর গ্রামের নাম পরিবর্তন করে কি রাখা হয়েছে?** উঃ জগদীশপুর। ভোপাল থেকে 12 কিলোমিটার দূরে অবস্থিত এই গ্রামটি দূর্গের জন্য বিখ্যাত।

**JOIN TELEGRAM CHANNEL**

11. **ভারতের জাতীয় "Car Racing Championship 2023" -এর বিজেতা কে হয়েছেন?** উঃ সাই সঞ্জয়।
12. **"Asian Nations Cup" এর 2027 ফুটবল প্রতিযোগিতা হোস্ট করবে কোন দেশ?** উঃ সৌদি আরব।
13. **বিশ্ব ক্যান্সার দিবস কবে পালিত হয়?** উঃ 4 ফেব্রুয়ারি। 2023 এর থিম হল-"Close the care Gap: Uniting our Voices and taking action".
14. **ভারতীয় ফাস্ট বোলার যোগিন্দর শর্মা কবে সব ধরনের ক্রিকেট থেকে অবসর নিলেন?** উঃ 3 ফেব্রুয়ারি 2023।
15. **এশিয়ার সবথেকে বড় হেলিকপ্টার ফ্যাক্টরি কোথায় উদ্বোধন হয়েছে?** উঃ তামাকুরু (কর্ণাটক)।
16. **সম্প্রতি 6 ফেব্রুয়ারি 2023 কোন দেশে ভয়াবহ ভূমিকম্পে কয়েক হাজার মানুষ মারা গেছেন?** উঃ তুরস্ক ও সিরিয়া তে। রিখটার স্কেলে কম্পনের মাত্রা ছিল 7.8। 1939 সালে শেষবার এমনই ভয়াবহ ভূমিকম্প হয়েছিল তুরস্কে, যাতে প্রায় 33 হাজার মানুষ মারা গিয়েছিলেন।
17. **ভারতীয় রেলওয়ে ট্রেনের মধ্যে খাবার ডেলিভারি করার জন্য কোন অ্যাপ লঞ্চ করেছে?** উঃ Zoop

18. **সম্প্রতি "গোল্ডেন বুক অ্যাওয়ার্ড 2023" -এ কোন ভারতীয় লেখিকা পুরস্কৃত হয়েছেন?** উঃ রাখি কাপুর, তার লেখা "Now You Breathe" বইটির জন্য।

19. **সম্প্রতি গৌর গোপাল দাস তার লেখা কোন বইয়ের জন্য "গোল্ডেন বুক অ্যাওয়ার্ড 2023" এ পুরস্কৃত হয়েছেন?** উঃ Energize Your Mind। এছাড়া "গোল্ডেন বুক অ্যাওয়ার্ড 2023" -এর অন্যান্য বিজেতারা হলেন- জে কে রাউলিং (Fantastic Beasts), কমলেশ প্যাটেল (The Wisdom Bridge), জিফ ক্যানি (Diary Of A Wimpy Kid: Diper Overload), ভূপেন্দ্র সিং রাঠোর (Magic Of Thinking Rich), রাজ সামানি (Build, Don't Talk- Things You Wish You Were Taught in School) ইত্যাদি।

20. **সদ্য প্রকাশিত "Victory City" উপন্যাসটির লেখক কে?** উঃ সালমান রুশদি।

21. **সম্প্রতি ভারত কোন দেশগুলিকে সাহায্য করার জন্য "অপারেশন দোস্ত" উদ্যোগটি চালু করেছে?** উঃ তুর্কি ও সিরিয়া। ভূমিকম্পগ্রস্ত এই দুটি দেশে হাসপাতাল, সরবরাহ এবং উদ্ধারকার্যে ভারত সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে।

22. বিশ্ব ডাল দিবস কবে পালিত হয়? উঃ 10 ফেব্রুয়ারি।

23. **সম্প্রতি কোন সাংবাদিক "রাজা রামমোহন রায় জাতীয় পুরস্কার" -এ ভূষিত হয়েছেন?** উঃ ডঃ এ.বি.কে প্রসাদ। তিনি অন্ধ্রপ্রদেশের সংবাদপত্রের প্রধান সম্পাদক হিসাবে কাজ করেছেন। "রাজা রামমোহন রায় জাতীয় পুরস্কার" টি দেওয়া হয় প্রেস কাউন্সিল অফ ইন্ডিয়া -এর তরফ থেকে।

24. **কোন ভারতীয় ক্রিকেটার অধিনায়ক হিসাবে ক্রিকেটের তিনটি ফরমেটেই প্রথম শতরানের রেকর্ড করলেন?** উঃ রোহিত শর্মা।

25. **সাম্প্রতিক কোন রাজ্য সরকার "One Family One Identity" পোর্টাল চালু করলো?** উঃ উত্তরপ্রদেশ। ফেব্রুয়ারি 2023 -এ এই পোর্টালটি চালু করা হয়েছে।

26. **আন্তর্জাতিক ডারউইন দিবস কবে পালিত হয়?** উঃ 12 ফেব্রুয়ারি। ব্রিটিশ জীববিজ্ঞানী চার্লস ডারউইনের জন্মদিন উপলক্ষে এই দিনটি পালিত হয়।

27. **সম্প্রতি ভারতের "অপারেশন দোস্ত" উদ্যোগে তুরস্কের ধ্বংসস্তূপে আটকে থাকা ছোট্ট নাসরিনকে বাঁচালো কারা?** উঃ ভারতের এনডিআরএফ (NDRF) বাহিনীর ডগ স্কোয়াডের রোমিও ও জুলিয়েট নামের দুই ল্যাব্রাডর প্রজাতির কুকুর।

28. **সম্প্রতি বাংলাদেশের 22 তম রাষ্ট্রপতি হিসেবে কে নিযুক্ত হলেন?** উঃ মহম্মদ সাহাবুদ্দিন চুপ্পু। বাংলাদেশের শাসকদল আওয়ামি লীগ তাকে মনোনীত করেছে। এর আগে বাংলাদেশের রাষ্ট্রপতি ছিলেন আব্দুল হামিদ।

29. **বিশ্ব রেডিও দিবস কবে পালিত হয়?** উঃ 13 ফেব্রুয়ারি। 2023 এর থিম হলো– "Radio and Peace"।

30. **সম্প্রতি 12 ফেব্রুয়ারি 2023 স্বামী দয়ানন্দ সরস্বতীর 200 তম জন্মবার্ষিকীর উদ্বোধন কে করলেন?** উঃ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। স্বামী দয়ানন্দ সরস্বতী 1875 সালে আর্য সমাজের প্রতিষ্ঠা করেছিলেন। এছাড়া তার লেখা বিখ্যাত বই হল "সত্যার্থ প্রকাশ"।

**JOIN TELEGRAM CHANNEL**

31. **সম্প্রতি ঝাড়খণ্ডের রাজ্যপাল হিসাবে কে নিযুক্ত হলেন**? উঃ সি.পি রাধাকৃষ্ণন।

32. **সম্প্রতি মহারাষ্ট্রের রাজ্যপাল হিসাবে কে নিযুক্ত হলেন?** উঃ রমেশ বাইস।

33. **সম্প্রতি আসামের রাজ্যপাল হিসেবে কে নিযুক্ত হলেন?** উঃ G.C Kataria

ExamBanglapub.com

34. **ভারতে "Black Day" কবে পালিত হয়?** উঃ 14 ফেব্রুয়ারি। 2019 সালের 14 ফেব্রুয়ারি সিআরপিএফ জাওয়ানদের 78 টি বাসের কনভয়ে আত্মঘাতী জঙ্গি হামলায় ভয়ঙ্কর বিস্ফোরণ ঘটে। যাতে নিহত হয়েছিলেন 40 জন সিআরপিএফ জওয়ান। ভারতীয় জাওয়ানদের এই আত্মবলিদানের দিনটিকে ভারতে "ব্ল্যাক ডে" বা "কালো দিন" হিসেবে পালন করা হয়।

35. **ICC এর 2023 জানুয়ারি মাসের "Players Of The Month" কে হয়েছেন?** উঃ শুভমন গিল।

36. **সম্প্রতি ভারতীয় আর্মি পৃথিবীর প্রথম সম্পূর্ণরূপে কর্মক্ষম যে ড্রোন সিস্টেমটি চালু করলো, তার নাম কি?** উঃ SWARM । "New Space Research" কোম্পানি এই ড্রোনটি তৈরি করেছে এবং ফেব্রুয়ারি 2023 -এ ভারতীয় আর্মির হাতে তুলে দিয়েছে। এই ড্রোনটি 50 কিমি দূর থেকে শত্রুপক্ষকে আক্রমণ করতে সক্ষম।

37. **সম্প্রতি ইউটিউবের নতুন CEO হিসেবে কে নিযুক্ত হলেন?** উঃ নীল মোহন।

38. **সম্প্রতি পশ্চিমবঙ্গের "State Information Commissioner" পদে কে নিযুক্ত হলেন?** উঃ পশ্চিমবঙ্গের প্রাক্তন DGP বীরেন্দ্র।

39. **ভারতের প্রথম "Waste-to-Hydrogen" প্রকল্প কোথায় তৈরি হয়েছে?** উঃ পুনেতে। ভারত সরকার এই প্রকল্পের জন্য 430 কোটি টাকা বরাদ্দ করেছে।

40. **সম্প্রতি ভারতীয় রিজার্ভ ব্যাংক দ্বিতীয় গ্লোবাল হ্যাকাথন "HARBINGER 2023" কবে ঘোষণা করেছে?** উঃ 14 ফেব্রুয়ারি 2023। এ বছরের থিম হল- "Inclusive Digital Services"। এই প্রতিযোগিতায় বিজেতা 40 লাখ টাকা এবং রানার আপ 20 লাখ টাকা পুরস্কার পাবে।

**JOIN TELEGRAM CHANNEL**

41. **সম্প্রতি কে ভারতীয় আর্মির সহ-প্রধান (Vice Chief) হিসাবে নিযুক্ত হলেন?** উঃ প্রাক্তন জেনারেল শুচীন্দ্র কুমার।

42. **সম্প্রতি 17 ফেব্রুয়ারি, 2023 -এ প্রয়াত প্রাক্তন ফুটবলার তুলসীদাস বলরাম কত সালে বঙ্গবিভূষণ পুরস্কার পেয়েছেন?** উঃ 2013 সালে।

43. **সম্প্রতি নীতি আয়োগের বর্তমান CEO হিসাবে কে নিযুক্ত হলেন?** উঃ BVR Subramanyam

44. **সম্প্রতি কোন বলিউড অভিনেতা UNICEF এর শিশুর অধিকারের জন্য জাতীয় রাষ্ট্রদূত হিসেবে নিযুক্ত হয়েছেন?** উঃ আয়ুষ্মান খুরানা।

45. **"রঞ্জি ট্রফি 2023" -এ কোন দল বিজেতা হয়েছে?** উঃ সুরাষ্ট্র।

46. **আন্তর্জাতিক মাতৃভাষা দিবস কবে পালিত হয়?** উঃ 21 ফেব্রুয়ারি। 2023 এর থিম হল- "Multilingual Education - A necessity to transform education"

47. **সম্প্রতি ISSF ওয়ার্ল্ড কাপে মেয়েদের 10 মিটার এয়ার রাইফেল প্রতিযোগিতায় কে ব্রোঞ্জ পদক পেয়েছেন?** উঃ তিলোত্তমা সেন।

48. **মনিপুরের 18 তম রাজ্যপাল কে নিযুক্ত হলেন?** উঃ Anusuiya Uikey

49. **সম্প্রতি ভারতের কোন জায়গায় Ola, Uber, Rapido -এর মতো বাইক-ট্যাক্সি সার্ভিস বাতিল করা হয়েছে?** উঃ দিল্লী তে।

50. **সম্প্রতি ISSF ওয়ার্ল্ড কাপে ছেলেদের 50 মিটার রাইফেল প্রতিযোগিতায় কোন ভারতীয় খেলোয়াড় স্বর্ণ পদক পেয়েছেন?** উঃ Aishwary Pratap Singh Tomar

ExamBangla.com

51. **সম্প্রতি মহারাষ্ট্রের ঔরঙ্গাবাদ ও ওসমানাবাদ শহর দুটির নাম পরিবর্তন করে কি রাখা হলো?** উঃ ছত্রপতি শম্ভাজিনগর এবং ধারাশিব।

52. **"World Book Fair 2023" কবে, কোথায় অনুষ্ঠিত হয়েছে?** উঃ প্রগতি ময়দান (নিউ দিল্লি), 25 ফেব্রুয়ারি থেকে 5 মার্চ পর্যন্ত।

53. **সম্প্রতি কোন ভারতীয় সিনেমা "Hollywood Critics Association" (HCA) -এর সেরা আন্তর্জাতিক সিনেমার পুরস্কার পেয়েছে?** উঃ এস. এস. রাজামৌলি পরিচালিত RRR সিনেমা। এছাড়াও এই সিনেমাটি আরও তিনটি বিভাগে পুরস্কার জিতেছে। যেগুলি হল সেরা অ্যাকসেন সিনেমা পুরস্কার, সেরা স্টান্ট সিনেমা পুরস্কার, সেরা অরিজিনাল গান পুরস্কার (নাটু নাটু)।

54. **সম্প্রতি ISSF ওয়ার্ল্ড কাপে ছেলেদের 10 মিটার এয়ার রাইফেল প্রতিযোগিতায় কোন ভারতীয় খেলোয়াড় স্বর্ণ পদক পেয়েছেন?** উঃ Rudrankksh Patil

55. **সম্প্রতি ছত্রিশগড়ের রাজ্যপাল হিসেবে কে নিযুক্ত হলেন?** উঃ বিশ্বভূষণ হরিচন্দন

56. **সম্প্রতি আসামের রাজ্যপাল হিসেবে কে নিযুক্ত হলেন?** উঃ গুলাব চান্দ কাটারিয়া

57. **সম্প্রতি নাগাল্যান্ডের 21 তম রাজ্যপাল হিসেবে কে নিযুক্ত হলেন?** উঃ La. Ganesan

58. **বিশ্ব এনজিও (NGO) দিবস কবে পালিত হয়?** উঃ 27 ফেব্রুয়ারি। 2023 এর থিম হল- "The role and influence of NGOs in advancing in human rights".

59. **G20 এর অধীনে ভারতের সর্বপ্রথম W20 (Women 20) মিটিং কবে,কোথায় অনুষ্ঠিত হয়েছে?** উঃ 27-28 ফেব্রুয়ারী 2023 এ মহারাষ্ট্রের ছত্রপতি শম্ভাজিনগরে। এ বছরের থিম ছিল-"Pursuit of Gender Equality, Equity and Dignity for women-led Devlopment".

60. **জাতীয় বিজ্ঞান দিবস কবে পালিত হয়?** উঃ 28 ফেব্রুয়ারি। এবছরের থিম হল –"Global Science for Global Wellbeing"

61. **সম্প্রতি FIFA এর বর্ষসেরা পুরুষ ফুটবল খেলোয়াড় এর খেতাব কে পেয়েছেন?** উঃ আর্জেন্টিনার ক্যাপ্টেন লিওনেল মেসি। অগাস্ট 2021 থেকে ডিসেম্বর 2022 পর্যন্ত মেসির অসাধারণ পারফরম্যান্সের জন্য।

62. **সম্প্রতি FIFA এর বর্ষসেরা মহিলা ফুটবল খেলোয়াড় এর খেতাব কে পেয়েছেন?** উঃ স্পেনের Alexia Putellas

ExamBanglapub.com

**JOIN TELEGRAM CHANNEL**

**/@exambangla**